যুগান্তর

তারিখ ... 13 FEB 2009
পৃষ্ঠা ২৫ কলাম ৪

দুই শিক্ষার্থীকে সাসপেন্ড করার জের

# আহসানউল্লাহ ভার্সিটির ছাত্রদের বিক্ষোভ : দিনভর শিক্ষকরা অবরুদ্ধ

যুগান্তর রিপোর্ট

দুই শিক্ষার্থী বহিষ্কারের জের ধরে রাজধানীর তেজগাঁওয়ে আহসানউল্লাহ সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটির শিক্ষার্থীরা বৃহস্পতিবার দিনভর শিক্ষকদের ক্যাম্পাসে অবরুদ্ধ করে রেখে বিক্ষোভ করেছে। তারা ইউনিভার্সিটির সামনে তেজগাঁও শিল্পাঞ্চল সড়ক অবরোধ করে রাখে।

জানা যায়, গত ২৭ নভেম্বর ক্যাম্পাসে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানকে কেন্দ্র করে সিভিল বিভাগ ও ইলেকট্রিক্যাল বিভাগের শিক্ষার্থীর মধ্যে মারামারির ঘটনা ঘটে। এ ঘটনায় গঠিত তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী সিভিল বিভাগের দুই শিক্ষার্থীকে সাময়িকভাবে সাসপেন্ড করা হয়। গতকাল সিভিল বিভাগের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে তালা দিয়ে শিক্ষকদের অবরুদ্ধ করে রাস্তায় বিক্ষোভ প্রদর্শন করে। সিভিল বিভাগের শিক্ষার্থীদের অভিযোগ, অন্যায়ভাবে শুধু তাদের বিভাগের শিক্ষার্থীদের শাস্তি দেয়া হয়েছে। ইলেকট্রিক্যাল বিভাগের দুই শিক্ষক ছাড়াও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের অপসারণের দাবিতে তারা গত ৩ দিন ধরে অনশনও পালন করছে।